স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.০৯.০০১.২১-১৮০৯

তারিখঃ ১৬ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
৩১ আগস্ট, ২০২১ খ্রিঃ

## সার্কুলার

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)-এর ২৬/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ২১৭তম বোর্ড সভায় "ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ(ওজোপাডিকো) এর বদলি ও পদায়ন নীতিমালা, ২০২১" অনুমোদিত হওয়ায় উক্ত নীতিমালা সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে অনুসরণ (Compliance)-এর জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ সার্কুলার জারি করা হলো।

৩১/০৮/২০২১
মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকো, খুলনা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, খুলনা।
২. নির্বাহী পরিচালক(অর্থ/প্রকৌশল), ওজোপাডিকো, খুলনা।
৩. প্রধান প্রকৌশলী, ওএন্ডএম, এসএন্ডডি/ইএসসিএস/ মহাব্যবস্থাপক(হিসাব/অর্থ), ওজোপাডিকো, খুলনা।
৪. কোম্পানি সচিব/সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিচালন ও সংরক্ষণ সার্কেল/সকল প্রকল্প পচিালক/সকল উপ-মহাব্যবস্থাপক, ওজোপাডিকো,-------------------------------------------------------।
৫. সকল নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১/২/৩/৪ / সকল ব্যবস্থাপক (হিসাব) / ব্যবস্থাপক(প্রশাসন)/নির্বাহী প্রকৌশলী (সিস্টেম এনালিস্ট)/,আহিদ,ওজোপাডিকো, ------------------------------------------------------।
৬. আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো-----------------------------------------------------------------।
৭. দপ্তর নথি।

# ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো) এর বদলি ও পদায়ন  নীতিমালা, ২০২১

**ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)
বিদ্যুৎ ভবন, ৩৫ বয়রা মেইন রোড, খুলনা-৯০০০।

| | |
|---|---|
| | **ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)**<br>(এ নীতিমালা ২৬/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত ২১৭তম বোর্ড সভায় অনুমোদিত) |

**বিষয়ঃ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর বদলি ও পদায়ন নীতিমালা, ২০২১।**

**মুখবন্ধঃ** যেহেতু ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)-এর কর্মকর্তা/কর্মচারীদের চাকরিকালীন প্রশাসনিক ও ব্যবস্থাপনাগত কারণে পদায়ন ও বদলির প্রয়োজনীয়তা দেখা দেয় এবং যেহেতু এতদসংক্রান্ত একটি সমন্বিত নীতিমালা থাকা বাঞ্ছনীয় সেহেতু এতদ্বারা নিম্নের শিরোনামে উল্লিখিত বদলি ও পদায়ন সংক্রান্ত নীতিমালা প্রণীত হলোঃ

**১। শিরোনাম।-**

এ নীতিমালা "ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো) এর বদলি ও পদায়ন নীতিমালা, ২০২১" নামে অভিহিত হবে।

**২। কার্যকারিতা।-**

এ নীতিমালা ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো) এর বোর্ড/পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদনের তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

**৩। সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে এ নীতিমালায়-

(ক) কোম্পানি : কোম্পানি বলতে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো) কে বুঝাবে।

(খ) কর্মকর্তা-কর্মচারী (ইমপ্লয়ী) : ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো) এর চাকরি বিধিমতে সকল পদে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীকে বুঝাবে।

(গ) কর্তৃপক্ষ : বদলি ও পদায়নের জন্য ওজোপাডিকো'র বোর্ড/পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত ক্ষমতাপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক (প্রশাসন) কে বুঝাবে।

(ঘ) প্রধান কার্যালয় (হেড কোয়ার্টার্স) : ওজোপাডিকো'র চাকরি বিধিমতে বর্ণিত সদর দপ্তরকেই বুঝাবে।

(ঙ) চাকরি আবর্তন (জব রোটেশন) : চাকরি আবর্তন বলতে কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন পদের ও কর্মস্থলের অভিজ্ঞতা অর্জনের নিমিত্ত নির্দিষ্ট সময়ান্তে এক পদ হতে অন্য পদে অথবা এক কর্মস্থল হতে অন্য কর্মস্থলে বদলি ও পদায়নকে বুঝাবে।

(চ) নিয়ন্ত্রণকারী কর্মকর্তা : ওজোপাডিকো'র বোর্ড/পরিচালনা পর্ষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝাবে।

(ছ) বদলি ও পদায়ন : ওজোপাডিকো'র চাকরি বিধিমতে কর্মকর্তা বা কর্মচারীর এক কর্মস্থল/দপ্তর হতে অন্য কর্মস্থল/দপ্তরে বা একই দপ্তরের অধীনে এক পদ হতে অন্য পদে পদায়ন/বদলিকে বুঝাবে।

(জ) বদলিযোগ্য পদ : ওজোপাডিকো'র বোর্ড/পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত সেটআপে একই ক্যাডারভূক্ত কারিগরি বা অকারিগরি (সম-স্কেলভূক্ত) পদসমূহ বদলিযোগ্য পদ হিসেবে বিবেচিত হবে।

(ঝ) যোগদানকাল : ওজোপাডিকো'র অনুমোদিত চাকরি বিধিমতে সরাসরি নিয়োগ প্রক্রিয়ায় চাকরিতে যোগদান; পদোন্নতিজনিত কারণে নতুন পদে যোগদান এবং বদলিজনিত কারণে এক কর্মস্থল হতে অন্য কর্মস্থলে যোগদানের নির্ধারিত সময়কে বুঝাবে।

**৪। বদলি ও পদায়নের সাধারণ শর্তাবলী।-**

(ক) সাধারণভাবে একজন কর্মকর্তা/কর্মচারীর একই কর্মস্থলে কর্মকাল হবে ০৩ (তিন) বছর। এক্ষেত্রে ওজোপাডিকো'র সদর দপ্তর/দপ্তরসমূহে একই ধরণের যে সকল পদ বিদ্যমান রয়েছে, সে সকল কর্মস্থলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বদলি কার্যকর করা হবে। তবে কারিগরি/অকারিগরি পদে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে কাজের প্রয়োজনীয়তা, গুরুত্ব ও ধরণ বিবেচনায় সংশ্লিষ্ট নির্বাহী পরিচালক এর সাথে প্রযোজ্য ক্ষেত্রে আলোচনাক্রমে বদলি করা যেতে পারে।

(খ) সকল নিয়মিত/চুক্তিভিত্তিক কর্মকর্তা ও কর্মচারী এ নীতিমালার আলোকে কোম্পানির অধিক্ষেত্রে যে কোন স্থানে অবস্থিত স্থায়ী বা অস্থায়ী দপ্তর/স্থানে কাজ করতে বাধ্য থাকবেন।

(গ) প্রতিষ্ঠানের স্বার্থে নিয়মিত/চুক্তিভিত্তিক যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে কোম্পানির অধিক্ষেত্রের যে কোন স্থানে যে কোন সময়ে বদলি করা যাবে।

(ঘ) সরাসরি নিয়োগ প্রক্রিয়ায় নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের প্রথম পদায়নের ক্ষেত্রে তাদেরকে নিজ জেলার বাইরে (প্রযোজ্য ক্ষেত্রে) পদায়ন করা হবে। সাধারণত: প্রথম পদায়নের পরবর্তী ০২ (দুই) বছরের মধ্যে তাদের বদলির আবেদন বিবেচিত হবেনা।

(ঙ) কর্মকর্তা বা কর্মচারীদের একই বছরে একাধিকবার এক কর্মস্থল হতে অন্য কর্মস্থলে বদলি করা সমীচীন হবেনা। কর্তৃপক্ষ সকল দিক বিবেচনা করে একজন কর্মকর্তা বা কর্মচারীকে বদলি করবেন। এজন্য সর্বদা প্রতিষ্ঠানের স্বার্থকে অগ্রাধিকার দিতে হবে।

(চ) বদলি ও পদায়ন নীতিমালার শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে কোন কর্মকর্তা/কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে তাকে তার প্রার্থিত স্থানে পদ শূন্য থাকা সাপেক্ষে বদলি করা যেতে পারে। এক্ষেত্রে আবেদনকারীকে পৃথকভাবে চাকরির বিবরণী সংযুক্ত করত: যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(ছ) কোন কর্মকর্তা বা কর্মচারীর আবেদনের প্রেক্ষিতে প্রার্থীত স্থানে বদলি বা পদায়নের পরবর্তী ০৩ (তিন) বছরের মধ্যে এবং পদোন্নতি উত্তর বদলি/পদায়নের পরবর্তী ০২(দুই) বছরের মধ্যে পুনঃবদলির আবেদন বিবেচিত হবেনা।

(জ) বিশেষ প্রয়োজন ব্যতিরেকে বছরের মধ্যবর্তী সময়ে কর্মকর্তা ও কর্মচারীর সন্তানের পড়ালেখার বিঘ্ন ঘটে বিধায় এক কর্মস্থল হতে অন্য কর্মস্থলে (যে ক্ষেত্রে সন্তানদের বিদ্যালয় পরিবর্তনের প্রয়োজন হয়) বদলি করা সমীচীন হবেনা।

(ঝ) কোম্পানির জন্য অত্যাবশ্যক না হলে এবং সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে অনুপুযুক্ত বা অক্ষম না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর আবেদনের ক্ষেত্র ব্যতীত অবসর গ্রহণের ০১ (এক) বছরের কম সময় অবশিষ্ট থাকার ক্ষেত্রে অন্য দপ্তর বা কর্মস্থলে বদলি করা যাবে না।

(ঞ) যে সকল কর্মকর্তা বা কর্মচারীর স্বামী/স্ত্রী(গণ) একই প্রতিষ্ঠানে কর্মরত আছেন তাদেরকে নতুন কর্মস্থলে বদলির ক্ষেত্রে স্বামী-স্ত্রী উভয়ের উপযোগী পদ আছে এমন স্থানে উভয়কে একই সময়ে বদলির জন্য বিবেচনা করা যাবে। তা সম্ভব না হলে অগ্রাধিকার ভিত্তিতে নিকটবর্তী কোন দপ্তরে বদলির বিষয়ে বিবেচনা করা যেতে পারে।

(ট) কারিগরি কর্মচারীদের (লাইনম্যান; ফোরম্যান ইত্যাদি) পদোন্নতি উত্তর যথাসম্ভব দপ্তর/কর্মস্থল পুনঃবন্টনের বিষয় বিবেচিত হবে। তা সম্ভব না হলে নিকটবর্তী কোন দপ্তরে বদলির বিষয়ে বিবেচনা করা যেতে পারে।

(ঠ) বদলিকৃত কর্মকর্তা বা কর্মচারী কোন তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল ত্যাগ করে নতুন কর্মস্থলে যোগদান করবেন এবং একই সাথে সমপদের একাধিক কর্মকর্তা বা কর্মচারীকে একই আদেশে বদলির ক্ষেত্রে কে আগে বদলিকৃত দপ্তরে যোগদান করবেন তা বদলি আদেশে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বর্ণিত তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে ছাড়পত্র প্রদান করা না হলে উক্ত তারিখের পর সংশ্লিষ্ট বদলি আদেশটি তাৎক্ষণিক ছাড়পত্র হিসেবে গণ্য হবে।

(ড) কোম্পানির মাঠ পর্যায়ের কাজের তদারকি ও গতিশীলতার স্বার্থে প্রত্যেক কর্মকর্তার (পদ থাকা সাপেক্ষে) মাঠের অভিজ্ঞতা অর্জন এবং মাঠের পাশাপাশি সদর দপ্তরে অবস্থিত তার জন্য প্রযোজ্য অন্যান্য দপ্তরের কাজের অভিজ্ঞতা অর্জন নিশ্চিত করা যাবে এমনভাবে বদলি করতে হবে।

(ঢ) এক ক্যাডারের কর্মকর্তা / কর্মচারীকে অন্য ক্যাডারের কোন পদে বদলি / পদায়ন করা যাবে না।

(ণ) এ নীতিমালার বাইরে কোন বদলি বা পদায়নের প্রয়োজন হলে ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির বোর্ডকে অবহিত করবেন।

**৫। বদলির ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ বিধানাবলী।-**

(ক) বিশেষায়িত কোন বিষয়ের উপরে নিবিড় প্রশিক্ষণপ্রাপ্ত একজন কর্মকর্তাকে তার শিক্ষাগত যোগ্যতা, চাকরির অভিজ্ঞতা এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তবায়নের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করে পদায়ন করা যেতে পারে।

(খ) প্রকল্পের দায়িত্বে নিয়োজিত প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালকগণ এবং কর্মকর্তাদের ক্ষেত্রে সম্পুর্ণ প্রকল্প মেয়াদে পদায়ন করা সমীচীন। তবে, প্রশাসনিক/শৃঙ্খলাজনিত কারণে পরিস্থিতির উদ্ভব হলে কর্তৃপক্ষ এ বিধানের ব্যতিক্রম করে বদলি করতে পারবেন।

(গ) কারিগরি কোন বিষয়ে বিশেষজ্ঞ কর্মকর্তা/কর্মচারীর বদলির ক্ষেত্রে সাধারণ নীতিমালা শিথিলযোগ্য। তবে, এক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীকে বদলি করতে হলে সংশ্লিষ্ট নির্বাহী পরিচালক এর সাথে আলোচনা করে বদলি করা যেতে পারে।

(ঘ) একই দপ্তর/প্রকল্প/শাখার সকল কর্মকর্তা/কর্মচারীকে বিশেষ কারণ ব্যতিরেকে একসাথে বদলি করা যাবে না।

**৬। নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন।-**

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো) এর সুষ্ঠু কর্মী ব্যবস্থাপনার প্রয়োজনে ওজোপাডিকো'র বোর্ড/ পরিচালনা পর্ষদ এ নীতিমালায় বিধৃত বিষয়সমূহে প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করতে পারবেন।

**৭। প্রযোজ্যতা।-**

বিদ্যমান অন্য কোন আইনে ভিন্নরূপ কোন নির্দেশনা না থাকলে এ নীতিমালা বদলি ও পদায়নজনিত সকল ক্ষেত্রে প্রযোজ্য হবে।

-০-

০২/০৬/২০২৩

ব্যবস্থাপনা পরিচালক
ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোং লিঃ



C:\Users\DGM_Admin\Desktop\Letterhead Pad.docx